

া পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪. ২. ১০. খাওয়ার আগে সকল ইহুদির হাত ধোয়া

মার্ক লেখেছেন (৭/৩-৪, মো.-১৩): "ফরীশীরা ও ইহুদীরা সকলে (the Pharisees and all the Jews) প্রাচীনদের পরম্পরাগত নিয়ম মান্য করায় ভাল করে হাত না ধুয়ে আহার করে না।" ইহুদি পণ্ডিতরা মার্কের এ কথা ভুল বলে উল্লেখ করেছেন। পল টবিন (Paul Tobin) লেখেছেন:

"This passage by Mark has been the subject of considerable debate among Jewish and Christian scholars. Basically Jewish scholars have pointed out, based on the evidence of the Talmuds, that the washing of hands before meals was obligatory only on priests and not on lay people like the Pharisees and scribes. While it may be possible that some, or even many, Pharisees submitted to this ritual voluntarily, it is certainly cannot be said that all the Jews were following this. Thus Mark had made a mistake in generalizing a custom that was simply not practiced by all during the time of Jesus."

"মার্কের এ বক্তব্য ইহুদি ও খ্রিষ্টান গবেষকদের মধ্যে উল্লেখযোগ্য বিতর্ক সৃষ্টি করেছে। বিশেষত ইহুদি গবেষকরা তালমূদের প্রমাণের ভিত্তিতে উল্লেখ করেছেন যে, খাওয়ার আগে হাত ধোওয়া শুধু ইহুদি যাজকদের জন্য বাধ্যতামূলক ছিল। ফরীশী ও অধ্যাপকদের মত সাধারণ মানুষদের জন্য এ বিধান ছিল না। হতে পারে যে, কতিপয় বা অনেক ফরীশী ঐচ্ছিকভাবে এ নিয়ম মেনে চলতেন, তবে 'সকল ইহুদি এ বিধান মানত' বলে দাবি করা নিশ্চিতভাবেই সম্ভব না। মার্ক এখানে ভুল করেছেন। যে বিধানটা কখনোই সকল ইহুদি পালন করত না সেটাকে সবাই পালন করত বলে তিনি উল্লেখ করেছেন।"[1]

ফুটনোট

[1] http://www.rejectionofpascalswager.net/markauthor.html

Source — https://www.hadithbd.com/books/link/?id=14172

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন